দৈনিক
ইত্তেফাক

17 APR 2012
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ২ ...

২২ মে থেকে কর্মবিরতি ঘোষণা

পলিটেকনিক শিক্ষকদের আট দফা দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

পলিটেকনিক শিক্ষা ব্যবস্থা এবং শিক্ষকের মর্যাদা বৃদ্ধিসহ ৮-দফা বাস্তবায়নের দাবি জানিয়েছে পলিটেকনিক শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকরা। গতকাল সোমবার বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক সমিতি ও বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের ব্যানারে ঢাকা রিপোর্টার্স ইউনিটে আয়োজিত এক সংবাদ সম্মেলনে দাবি আদায়ে ২২ মে থেকে কর্মবিরতিসহ নানা কর্মসূচি ঘোষণা করা হয় সম্মেলনে।

শিক্ষকরা জানান, দেশের সকল শিক্ষার চেয়ে পলিটেকনিক শিক্ষা বেশি অবহেলিত হয়ে পড়েছে। শতকরা ৫০ থেকে ৮০ ভাগ শিক্ষক পদ শূন্য রেখেই চলছে এ শিক্ষা প্রতিষ্ঠান। শিক্ষকদের অন্যান্য দাবিগুলোর মধ্যে রয়েছে—কারিগরি শিক্ষা ক্যাডারের ৫০ বছর উর্ধ্ব বয়সী শিক্ষক-কর্মকর্তাদের চাকরি স্থায়ীকরণ, দ্বিতীয় পিএচডির সম্মানী মূল বেতনের ১০০ শতাংশ হারে প্রদান করা, ৪ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্সের জন্য ১৭৬ টি নতুন পদ রাজস্ব খাতে সৃষ্টি ও শিক্ষক-কর্মকর্তাদের শূন্য পদ পূরণ করা। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোঃ ইদরীস আলী। সম্মেলনে বাংলাদেশ পলিটেকনিক শিক্ষক পরিষদের সভাপতি মোঃ আব্দুল মান্নান, সহ-সভাপতি মোস্তফা হোসেন, সম্পাদক নির্মল চন্দ্র সিকদার প্রমুখ উপস্থিত ছিলেন।